দুরালাপনী ঃ +৮৮ ০২৩৩৩৩২৩৮০১-৮০৪
Website: www.cnfctg.org, www.cnfctg.net
E-mail: cnfctg@gmail.com, cnfctg@yahoo.com

# চট্টগ্রাম কাস্টমস্ এজেন্টস্ এসোসিয়েশন

# CHATTOGRAM CUSTOMS AGENTS ASSOCIATION

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আগ্রাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম-৪১০০

প্রচার পত্র নং-৫৩/২০২৫ তারিখঃ২৮/০৮/২০২৫ ইং।

**সম্মানিত সদস্যবৃন্দের প্রতি,**

পরিচালক (নিরাপত্তা), চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, চট্টগ্রাম এর নথি নং-ডিটি/ডব্লিউ আর/১৬(২য় খন্ড)গ-লুজ, তারিখঃ ২৬/০৮/২০২৫ খ্রি. সম্মানিত সদস্যবৃন্দের অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে আদেশক্রমে প্রচার করা হলো।

মো: মিজানুর রহমান
সচিব

---

## চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ

**পরিচালক (পরিবহন) এর দপ্তর**

বিজ্ঞপ্তি নং- ১০/২০২৫ তারিখ: ২৬-০৮-২০২৫ ইং।

বিষয় ঃ **চট্টগ্রাম বন্দরের ইয়ার্ডে কন্টেইনারের কনজেশন পরিস্থিতির উন্নতি পর্যবেক্ষণের নিমিত্তে আপাতত ০১ (এক) মাসের জন্য আমদানীকৃত এফসিএল কন্টেইনারের উপর (খালি কন্টেইনার ব্যতীত) উপর চলমান ০৪ (চার) গুন হারে ষ্টোররেন্ট এর আদেশ সাময়িকভাবে স্থগিতকরণ প্রসঙ্গে।**

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, চট্টগ্রাম বন্দর অভ্যন্তরে আমদানিকৃত এফসিএল কন্টেইনারের সংখ্যা আশংকাজনকভাবে বৃদ্ধি পেয়ে বন্দরের অপারেশনাল কার্যক্রমে বিঘ্ন সৃষ্টি হওয়ায় বন্দরের স্বাভাবিক অপারেশনাল কার্যক্রম নিরবচ্ছিন্ন রেখে দেশের সকল আমদানি-রপ্তানিকারকগণকে দ্রুত বন্দর সেবা প্রদানের লক্ষ্যে পরিচালক (পরিবহন), চবক এর বিজ্ঞপ্তি নং- ০২/২০২৫, তারিখ- ২০-০২-২০২৫ এর মাধ্যমে Regulations for Working of Chittagong Port (Cargo & Container), 2001 এর ১৬০ ধারা মূলে ১০-০৩-২০২৫ ইং তারিখ হতে চট্টগ্রাম বন্দর ও ঢাকাস্থ কমলাপুর আইসিডিতে (পানগাঁও আইসিটি ব্যতীত) স্থিত আমদানিকৃত এফসিএল কন্টেইনারের উপর ০৪ (চার) গুন হারে স্টোররেন্ট আরোপ করা হয়। বিজিএমইএ-সহ বিভিন্ন ব্যবসায়ী সংগঠনের অনুরোধের প্রেক্ষিতে উক্ত বিজ্ঞপ্তি মূলে এফসিএল কন্টেইনারের উপর (খালি কন্টেইনার ব্যতীত) আরোপিত পেনালরেন্ট চট্টগ্রাম বন্দরের ইয়ার্ডে কন্টেইনারের কনজেশন পরিস্থিতির উন্নতি পর্যবেক্ষণের নিমিত্তে আপাতত ০১ (এক) মাসের জন্য (২৩-০৮-২০২৫ ইং হতে ২২-০৯-২০২৫ ইং পর্যন্ত) সাময়িকভাবে স্থগিত করা হলো।

বন্দর ব্যবহারকারীদের নিরবচ্ছিন্ন সেবা প্রদান ও বন্দরের অপারেশনাল কার্যক্রম গতিশীল রাখার স্বার্থে সংশ্লিষ্ট সকল আমদানিকারকগণকে চট্টগ্রাম বন্দরের মাধ্যমে আনীত এফসিএল কন্টেইনার দ্রুততার সাথে ডেলিভারী গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

স্বা:/
পরিচালক (পরিবহন)
চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ

নং-ডিটি/ডব্লিউ আর/১৬(২য় খন্ড)গ-লুজ তারিখ-২৬-০৮-২০২৫ইং